# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) ১৯ জানুয়ারি ২০২২ প্রকাশিত UNCTAD এর রিপোর্ট অনুযায়ী ভারতে ২০২০ সালের তুলনায় ২০২১ সালে এফডিআই-এর পরিমাণ প্রায় ২৬ শতাংশ কমেছে।

2. (c) ২০ জানুয়ারি ভারত ব্যালেস্টিক মিসাইল ব্রহ্মোসের পরীক্ষামূলক সফল উৎক্ষেপণ করল। দেশীয় প্রযুক্তি ক্ষেত্রের উন্নয়নের প্রকাশ স্বরূপ ওড়িশা উপকূলের চণ্ডীপুরে এই মিসাইলের পরীক্ষামূলক সফল উৎক্ষেপণ হল। অ্যাচিভার্স

3. (c) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেডের স্বাধীন চেয়ারম্যান হিসাবে বিনোদ রাইকে নিযুক্ত করার সুপারিশ করল, যিনি ২০১৭-২০১৮ পর্যন্ত ভারতের ১১তম কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল হিসাবে নিযুক্ত ছিলেন।

   **এক নজরে ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্ক—**
   - ☞ প্রতিষ্ঠা — ২০২১ সাল।
   - ☞ সদর কার্যালয় — নতুন দিল্লি।
   - ☞ স্বাধীন চেয়ারম্যান— বিনোদ রাই।

   অ্যাচিভার্স

4. (b) ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী কর্তৃক ভারত-পাকিস্তান যুদ্ধ জয়ের স্মারক হিসাবে ১৯৭২ সালে অমর জওয়ান জ্যোতির চিরন্তনশিখা প্রতিস্থাপিত হয়েছিল। কেন্দ্রীয় সরকার চলতি বছরে প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে অমর জওয়ান জ্যোতি এবং জাতীয় যুদ্ধ স্মৃতি সৌধ (ন্যাশনাল ওয়ার মেমোরিয়াল) কে একসঙ্গে সংযুক্ত করে দিয়েছে।

5. (a) ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রক ১৮ জানুয়ারি ২০২২ তারিখে Arrow-3 নামক অ্যান্টি-ব্যালেস্টিক মিসাইল সিস্টেমের সফল পরীক্ষা করল। অ্যাচিভার্স

6. (c) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৫ ফেব্রুয়ারি বিশিষ্ট সাধুসন্ত রামানুচার্যের ১০০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে হায়দরাবাদে ২১৬ ফিট উচ্চতাবিশিষ্ট একটি মূর্তি প্রতিস্থাপনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। রামানুচার্যের বসে থাকা অবস্থায় প্রতিস্থাপিত স্ট্যাচুটি 'স্ট্যাচু অফ ইকুয়ালিটি' হিসাবে পরিগণিত হবে।

7. (a) সম্প্রতি উত্তরপ্রদেশের লক্ষ্ণৌয়ে ভারতের প্রথম প্যারা ব্যাডমিন্টন অ্যাকাডেমি গড়ে উঠল। দ্রোণাচার্য পুরস্কার বিজয়ী বিশিষ্ট প্যারা ব্যাডমিন্টন ক্রীড়া প্রশিক্ষক গৌরব খান্না, Ageas Federal Life Insurence এর সহায়তায় এই অ্যাকাডেমি গড়ে তুললেন।

8. (b) সুভাষ ভৌমিক একজন কিংবদন্তী ভারতীয় বাঙালি ফুটবল খেলোয়াড়, ম্যানেজার এবং বিশিষ্ট কোচ ছিলেন। তিনি ক্রীড়া জীবনে মোহনবাগান এবং ইস্টবেঙ্গল দলের হয়ে দীর্ঘদিন খেলেছেন। ১৯৭০-১৯৮৫ সাল পর্যন্ত ভারতের জাতীয় দলে হয়ে মোট ২৪টি ম্যাচে ৯টি গোল করেছেন।

9. (c) ১৮ জানুয়ারি ইন্দোনেশিয়া পার্লামেন্ট সেদেশের রাজধানী জাকার্তা থেকে সরিয়ে নুসানতারাতে নিয়ে যাওয়ার অনুমোদন প্রদান করেছে। এটি জাকার্তার উত্তর-পূর্ব দিকে ২০০০ কিমি দূরে অবস্থিত পূর্ব কালিমান্তান প্রদেশের একটি শহর। অ্যাচিভার্স

10. (d) একদল আন্তর্জাতিক গবেষক সম্প্রতি পানামার ক্রান্তীয় বৃষ্টি বিধৌত অরণ্য অঞ্চলে এক নতুন রেন ফ্রগের প্রজাতি আবিষ্কার করেছেন, যার নাম দিয়েছেন Pristimantis gretathunbergae। এই নামটি সুইডেনের বিশিষ্ট পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গের নামে নামকরণ করা হয়েছে।

11. (c) সম্প্রতি বার্বাডোজের অষ্টম প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নির্বাচিত হয়েছেন বার্বাডোজ লেবার পার্টির নেত্রী মিয়া আমোর মোটেলি। তিনি ২০১৩ - ২০১৮ পর্যন্ত বিরোধী দলনেত্রী, ২০০৩-২০০৮ পর্যন্ত সপ্তম ডেপুটি প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

    অ্যাচিভার্স

    **এক নজরে বার্বাডোজ—**
    - ☞ রাজধানী— ব্রিজটাউন
    - ☞ অফিসিয়াল ভাষা— ইংরেজি।
    - ☞ মোট আয়তন— ৪৩৯ বর্গকিমি।

12. (b) Legend of Birsha Munda গ্রন্থটি রচনা করেছেন বিশিষ্ট বিজেপি দলনেতা তুহিন এ সিনহা। গ্রন্থটি রচনা করতে তাঁকে সাহায্য করেছেন অঙ্কিতা ভার্মা। গ্রন্থটিতে মুন্ডা বিদ্রোহের নেতা বিরসা মুন্ডার সংগ্রামী জীবনের ইতিহাস বর্ণিত হয়েছে।

13. (b) ২০২৪ সালের গ্রীষ্মকালীন প্যারা অলিম্পিক ২৮ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত হবে। ২২টি খেলার মোট ৫৪৯টি ইভেন্টে বিভিন্ন প্রতিযোগীরা অংশগ্রহণ করবেন।

14. (b) ১৮-২৩ জানুয়ারি উত্তরপ্রদেশের লক্ষ্ণৌয়ে অনুষ্ঠিত ২০২২ সালের সৈয়দ মোদী ইন্টারন্যাশনাল ব্যাডমিন্টন টুর্নামেন্টের মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের পি ভি সিন্ধু। তিনি ফাইনালে ভারতের মালবিকা বংশোদকে ২১-১৩, ২১-১৬ ফলাফলে পরাজিত করেছেন।

15. (c) ২০২২ সালের সুভাষচন্দ্র বোস আপদপ্রবন্ধন পুরস্কারের 'ইনস্টিটিউশনাল ক্যাটাগরি'তে পুরস্কৃত হয়েছে গুজরাট ইনস্টিটিউট অফ ডিজাস্টার ম্যানেজমেন্ট। অপরদিকে 'ব্যক্তিগত বিভাগে' পুরস্কৃত হয়েছেন অধ্যাপক বিনোদ শর্মা।

16. (a) সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লির ইন্ডিয়া গেটে নেতাজি সুভাষচন্দ্র বসুর হলগ্রাম করা মূর্তি স্থাপনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। অ্যাচিভার্স

**এক নজরে ইন্ডিয়া গেট—**

☞ প্রতিষ্ঠা— ১৯২১ সাল।
☞ উদ্বোধন— ১৯৩১ সাল। অ্যাচিভার্স
☞ ডিজাইনার— এডউইন লুটিয়েন্স।
☞ প্রকৃতি— ভারতের জাতীয় স্মৃতিসৌধ।

17. (c) পশ্চিমবঙ্গের দুঃস্থ ও দুর্বল মানুষদের সামাজিক সুরক্ষা পরিষেবা প্রদানের জন্য পশ্চিমবঙ্গ সরকার 'West Bengal Building State Capability for Inclusive Social Protection' খাতে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে মোট ১২৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণ হিসাবে গ্রহণ করেছে।

18. (d) কন্যা শিশুদের বৈষম্যের বিরুদ্ধে মনোনিবেশ করা, শিক্ষা, স্বাস্থ্য ও অধিকার সংক্রান্ত সচেতনতা ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে ২৪ জানুয়ারি সারা দেশজুড়ে জাতীয় কন্যাশিশু দিবস উদযাপিত হল। প্রথম এই দিবসটি ২০০৮ সালে উদযাপন করা শুরু হয়েছিল।

19. (a) ২৪ জানুয়ারি সারা বিশ্বজুড়ে আন্তর্জাতিক শিক্ষা দিবস উদযাপিত হল। এবছরের এই দিবসের থিম হল--- 'Changing Course, Transforming Education'।

20. (c) শিশুদের উদ্ভাবনী ক্ষেত্র, সমাজসেবা, খেলাধুলা, শিল্প ও সংস্কৃতি ও সাহসিকতা দেখানোর ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ এই বছর ১৫ জন ছেলে ও ১৪ মেয়ে সহ মোট ২৯ জনকে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার সম্মানে ভূষিত করা হল। অ্যাচিভার্স

21. (a) সম্প্রতি আইসিসি কর্তৃক প্রদত্ত ২০২১ সালের রাচেল হেহো ফ্লিট ট্রফি ফর আইসিসি ওমেন্স ক্রিকেটার অফ দ্য ইয়ার পুরস্কারে ভূষিত হলেন ভারতের স্মৃতি মান্ধানা। তিনি এযাবৎ ৪টি আন্তর্জাতিক টেস্টে ৩২৫ রান, ৬৩টি আন্তর্জাতিক ওয়ান ডে ম্যাচে ২৩৯০ রান, ৮৪টি আন্তর্জাতিক টি-২০ ম্যাচে ১৯৭১ রান সংগ্রহ করেছেন।

22. (d) PMLA Adjudicating Authority-র চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন বিনোদানন্দ ঝা। PMLA হল তিন সদস্যের বিচারকারী কর্তৃপক্ষ যার দায়িত্ব হল Prevention of Money Laundering Act -এর অধীনে জারি করা সমস্ত অ্যাসেটস অর্ডার সংক্রান্ত মামলার বিচার করা।

23. (b) ২১ জানুয়ারি হিমাচলপ্রদেশে অনুষ্ঠিত মহিলাদের জাতীয় আইস হকি চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হল লাদাখ দলটি।

24. (c) সম্প্রতি প্রয়াত রামচন্দ্রন নাগাস্বামী একজন বিশিষ্ট ঐতিহাসিক, প্রত্নতত্ত্ববিদ ও এপিগ্রাফিস্ট ছিলেন। তিনি ২০১৮ সালে পদ্মভূষণ অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছিলেন। অ্যাচিভার্স

25. (d) সম্প্রতি আইসিসি স্যার গারফিল্ড সোবার্স ট্রফি ফর আইসিসি মেনস ক্রিকেটার অফ দ্য ইয়ার ২০২১ এ ভূষিত হলেন পাকিস্তানের কিংবদন্তী ক্রিকেটার শাহিন আফ্রিদি। তিনি এযাবৎ ক্রিকেট জীবনে ২১টি টেস্টে ৮৬টি উইকেট, ২৮টি ওয়ান ডে ম্যাচে ৫৩টি উইকেট, ৩৯টি টি-২০ ম্যাচে ৪৫টি উইকেট সংগ্রহ করেছেন।

26. (b) ২৬ জানুয়ারি সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল কাস্টমস ডে উদযাপিত হয়ে গেল। এই দিবসের এবছরের থিম হল— 'Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem'।

27. (c) সম্প্রতি ঢাকায় অনুষ্ঠিত ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এশিয়ান ফিল্মস কম্পিটিশন সেকশনের বেস্ট ফিল্ম ক্যাটাগরিতে পুরস্কৃত হয়েছে পি এস বিনোথরাজ পরিচালিত ‘কুঝাঙ্গল’ চলচ্চিত্রটি। অ্যাচিভার্স

28. (c) সম্প্রতি অসমের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্বশর্মা বিশিষ্ট শিল্পপতি রতন টাটাকে সেরাজ্যের সর্বশ্রেষ্ঠ অসামরিক সম্মান অসম বৈভব অ্যাওয়ার্ডে ভূষিত করলেন। অসমে ক্যান্সার রোগ চিকিৎসায় উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল।

29. (d) কেন্দ্রীয় সরকার ২৫ জানুয়ারি পাঞ্জাব ও মহারাষ্ট্র ব্যাঙ্ক লিমিটেডকে ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্কের সঙ্গে সংযুক্ত করার নির্দেশ জারি করেছে। এই সংযুক্তি হওয়ার ফলে পাঞ্জাব ও মহারাষ্ট্র ব্যাঙ্ক লিমিটেডের সমস্ত গ্রাহককে ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্কের অন্তর্ভুক্ত করা হল।

30. (b) ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত ২০২১ সালের কোরাপশন পারসেপশন ইনডেক্সের তালিকায় ভারত ৮৫তম স্থানে রয়েছে। এবারের ইনডেক্সে ডেনমার্ক, ফিনল্যান্ড এবং নিউজিল্যান্ড একসঙ্গে প্রথম স্থান অধিকার করেছে।

31. (a) ১৮-২২ জানুয়ারি ওমান উপসাগরে অনুষ্ঠিত হয়ে গেল 'Chiru-2Q22' নামক যৌথ নৌমহড়া। এই মহড়ায় রাশিয়ান, চীন ও ইরানের নৌবাহিনী অংগ্রহণ করেছিল।

***** *অ্যাচিভার্সের ৬৫ নং পৃষ্ঠায় দেওয়া ৩১ নং প্রশ্নের উত্তর (c) না হয়ে (a) হবে, কারণ ভারত এই মহড়ায় অংশগ্রহণ করেনি।* অ্যাচিভার্স

32. (d) সম্প্রতি প্রয়াত চরণজিৎ সিং ভারতের একজন কিংবদন্তী হকি খেলোয়াড় ছিলেন। সম্প্রতি তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। তাঁর নেতৃত্বাধীন ভারতীয় দল ১৯৬৪ সালের গ্রীষ্মকালীন অলিম্পিকে সোনার মেডেল এবং ১৯৬০ সালের অলিম্পিকে রৌপ্য মেডেল জয়লাভ করেছে। তিনি ১৯৬৩ সালে অর্জুন পুরস্কার ও ১৯৬৪ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন।

33. (b) মিলেনা সালভিনি ইতালি-ফ্রান্স বংশোদ্ভূত জনপ্রিয় কথাকলি ধ্রুপদ নৃত্যশিল্পী ছিলেন। ১৯৬৫ সালে তিনি কথাকলি নৃত্য শেখার জন্য ভারতে আসেন। ২০১৯ সালে ভারত সরকার তাঁকে পদ্মশ্রী সম্মানে ভূষিত করেছিল। অ্যাচিভার্স

34. (a) অনিল আওচাট একজন মারাঠি লেখক ও সমাজকর্মী ছিলেন। তিনি ১৯৮৬ সালে ‘মুক্তাঙ্গন রিহ্যাবিলিটেশন সেন্টার’ নামক নেশা আসক্তিমুক্ত কেন্দ্র গড়ে তুলেছিলেন।

35. (d) সম্প্রতি ‘অ্যাডভাইজরি বোর্ড ফর ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্সিয়াল ফ্রডস’ (ABBFF) এর প্রধান হিসাবে নিযুক্ত হলেন টি এম বাসিন।

36. (b) সম্প্রতি কেন্দ্রীয় সরকারের মুখ্য আর্থিক উপদেষ্টা হিসাবে নিযুক্ত হলেন ভি অনন্ত নাগেশ্বরন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী কে ভি শুভ্রমনিয়ানের স্থলাভিষিক্ত হলেন।

37. (c) ভারতের প্রাক্তন অর্থসচিব সুভাষচন্দ্র গর্গ 'The $10 Trillion Dream' নামক গ্রন্থের রচনা করেছেন। ১৯৮৩ সালের ব্যাচের রাজস্থান ক্যাডারের আইএএস অফিসার সুভাষচন্দ্র গর্গ ১ মার্চ ২০১৯ থেকে ২৬ জুলাই ২০১৯ পর্যন্ত অর্থসচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন।

38. (a) সম্প্রতি নেদারল্যান্ডে বিশ্বের বৃহত্তম খালের তালা (Canal Lock) উন্মোচিত হয়েছে। এর দৈর্ঘ্য ৫০০ মিটার ও প্রস্থ ৭০ মিটার। অ্যাচিভার্স

39. (c) সম্প্রতি প্রকাশিত 'A little book of India : Celebrating 75 years of Independence' গ্রন্থটির রচয়িতা হলেন রাসকিন বন্ড। তিনি ব্রিটিশ বংশোদ্ভূত ভারতীয় লেখক। তিনি ১৯৯২ সালে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার, ১৯৯৯ সালে পদ্মশ্রী, ২০১৪ পদ্মভূষণ পুরস্কারে ভূষিত হয়েছেন।

40. (c) এবছর ৩০ জানুয়ারি সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড লেপ্রসি ডে উদযাপিত হল। ওয়ার্ল্ড লেপ্রসি ডে প্রতি বছর জানুয়ারি মাসের শেষ রবিবার উদযাপিত হয়। এবছরের এই দিবসের থিম হল— 'United for Dignity'।

41. (d) ১৭-৩০ জানুয়ারি অনুষ্ঠিত ২০২২ সালের অস্ট্রেলিয়ান ওপেন টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে ব্রিটেনের অ্যাসলেগ বার্টি, মার্কিন যুক্তরাষ্ট্রের ড্যানিয়েল কলিন্সকে ৬-৩, ৭-৬(৭-২) ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

42. (c) সম্প্রতি মুসকাটে অনুষ্ঠিত ২০২২ সালের ওমেন্স হকি এশিয়া কাপে তৃতীয়বারের জন্য চ্যাম্পিয়ন হল জাপান। ফাইনালে তারা দক্ষিণ কোরিয়াকে ৪-২ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। অপরদিকে ভারত এই প্রতিযোগিতায় চীনকে ২-০ ফলাফলে পরাজিত করে তৃতীয় স্থান অধিকার করেছে। অ্যাচিভার্স

43. (c) সম্প্রতি প্রকাশিত 'Fearless Governance' গ্রন্থটির রচয়িতা হলেন ভারতের প্রথম মহিলা আইপিএস অফিসার ডক্টর কিরন বেদী। তিনি ২০১৬-২০২১ পর্যন্ত পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর হিসাবে দায়িত্ব পালন করেছেন।

44. (c) ২৯ জানুয়ারি প্রয়াত ইকবাল সিং কিংরা ভারতের জনপ্রিয় সামাজিক ও আধ্যাত্মিক ধর্মগুরু ছিলেন। তাঁর সামাজিক ও ধর্মীয় কাজকর্মের জন্য ভারত সরকার পদ্মশ্রী সম্মানে ভূষিত করেছে।

45. (b) কেন্দ্রীয় সরকার ইন্ডিয়ান আর্মি স্টাফের ভাইস চিফ হিসাবে লেফটেন্যান্ট জেনারেল মনোজ পাণ্ডেকে নিযুক্ত করার সুপারিশ করল, যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী চণ্ডীপ্রসাদ মোহান্তির স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

46. (a) জিওমারা কাস্ত্রো ২৭ জানুয়ারি হন্ডুরাসের ৫৬তম প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি দেশের প্রথম মহিলা প্রেসিডেন্ট।

47. (d) ২ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওয়েটল্যান্ড ডে উদযাপিত হল, যার এবছরের থিম হল— 'Wetlands Action for People and Nature'।

48. (a) লেফটেন্যান্ট জেনারেল জি এ ভি রেড্ডি ডিফেন্স ইন্টেলিজেন্স এজেন্সির ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী লেফটেন্যান্ট জেনারেল কে জে এস ধিলনের স্থলাভিষিক্ত হলেন।

49. (c) প্রতিবছর ক্যান্সার রোগ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে ৪ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ক্যান্সার ডে উদযাপিত হল। যার এবছরের থিম হল— 'Close the Care Gap'।

50. (a) ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভারতের প্রাক্তন ক্রীড়া সচিব ডক্টর রবি মিত্তল।

**এক নজরে IBBI —** অ্যাচিভার্স

☞ প্রতিষ্ঠা— ২০১৬ সাল।

☞ সদরদপ্তর— নতুন দিল্লি।

51. (a) সম্প্রতি ইউজিসি'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন মামিদালা জগদীশ কুমার। এই পদে তিনি পূর্ববর্তী পদাধিকারী ডি পি সিং-এর স্থলাভিষিক্ত হলেন।

52. (b) ভারতের অলিম্পিক মেডেল জয়ী অ্যাথলিট নীরজ চোপড়ার জীবন কাহিনী সম্বলিত 'Golden Boy Neeraj Chopra' গ্রন্থটি রচনা করেছেন নবদীপ সিং গিল। নীরজ চোপড়া সদ্য সমাপ্ত টোকিও অলিম্পিকে প্রথম ভারতীয় অ্যাথলিট হিসাবে সোনার মেডেল জয়লাভ করেছেন।

53. (d) কেন্দ্রীয় সরকার সোনালি সিং-কে 'কম্পট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস' হিসাবে নিযুক্ত করল। অ্যাচিভার্স

54. (a) নিউজিল্যান্ডের কিংবদন্তী ক্রিকেটার ড্যারিল মিচেল সম্প্রতি আইসিসি স্পিরিট অফ ক্রিকেট অ্যাওয়ার্ড - ২০২১ এ ভূষিত হলেন। তিনি এযাবৎ ক্রিকেট জীবনে ৯টি টেস্টে ৪০৩ রান ও ৩টি একদিবসীয় ম্যাচে ১১২ রান এবং ২৫টি টি-২০ ম্যাচে ৩৯২ রান সংগ্রহ করেছেন।

55. (b) কিংবদন্তী সংগীতশিল্পী লতা মঙ্গেশকর সমগ্র সংগীত জীবনে ১০ হাজারেরও বেশি গান ৩৬টি বিভিন্ন আঞ্চলিক ভাষায় পরিবেশন করে বিরল নজির স্থাপন করেছেন। তিনি ২০০১ সালে ভারতরত্ন, ১৯৯৯ সালে পদ্মবিভূষণ, ১৯৬৯ সালে পদ্মভূষণ, ১৯৮৯ সালে দাদাসাহেব ফালকে পুরস্কারে ভূষিত হয়েছেন।

56. (a) ২০২২ সালের আইসিসি অনূর্ধ্ব-১৯ ক্রিকেট প্রতিযোগিতায় ভারত ইংল্যান্ডকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

57. (a) সম্প্রতি এনসিইআরটি'র পূর্ণ সময়ের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন দীনেশ প্রসাদ সাকলানি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ঋষিকেশ সেনাপতির স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

58. (d) করোনা সংক্রমণ জনিত পরিস্থিতির কারনে প্রথম থেকে সপ্তম শ্রেণির পড়ুয়াদের শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার পাড়ায় শিক্ষালয় নামক এক কর্মসূচী চালু করেছে।

59. (a) সম্প্রতি বিক্রম সারাভাই স্পেস সেন্টারের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন ডক্টর এস উন্নিকৃষ্ণান নায়ার। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস সোমানাথের স্থলাভিষিক্ত হলেন।
**এক নজরে বিক্রম সারাভাই স্পেস সেন্টার—**
☞ প্রতিষ্ঠা— ১৯৬৩ সাল। অ্যাচিভার্স
☞ সদর দপ্তর— তিরুবনন্তপুরম, কেরল।

60. (c) ভারতের বৃহত্তম ডিজিটাল হেলথ কেয়ার প্লাটফর্ম 'মেডিবাডি'র বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন কিংবদন্তী বলিউড চলচ্চিত্র অভিনেতা অমিতাভ বচ্চন।

61. (b) ইরানের ইসলামিক রিভোলুশনারি গার্ড কর্পসের তরফ থেকে উৎক্ষেপণ করা হল 'Khaibar Shikan' নামক দীর্ঘ রেঞ্জের ভূমি থেকে ভূমি প্রকৃতির ব্যালিস্টিক মিশাইল। এটির রেঞ্জ ১৪৫০ কিমি।

62. (c) WHO বা বিশ্ব স্বাস্থ্য সংস্থার তরফ থেকে সূচনা করা হল 'Quit Tobacco App'-এর। বিশ্ব স্বাস্থ্য সংস্থার একবছর যাবৎ পালিত হওয়া তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির অংশ হিসেবে এই অ্যাপের সূচনা করা হল। অ্যাচিভার্স

63. (d) সম্প্রতি মহারাষ্ট্রের মুখ্যসচিব হিসেবে দেবাশিস চক্রবর্তীকে নিযুক্ত করা হল। ২০২১ সালের ৩০ নভেম্বর পর্যন্ত তিনি মহারাষ্ট্রের অতিরিক্ত মুখ্য সচিবের দায়িত্ব পালন করেছেন।

64. (a) স্মল ইন্ডাস্ট্রিজ ডেভলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (SIDBI) বিহার সরকারের শিল্প দপ্তর এবং বিহার ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ডেভলপমেন্ট অথরিটির সহিত দুটি মউ স্বাক্ষর করল ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প ক্ষেত্রের প্রচারের উদ্দেশ্যে।

65. (b) ভারতের প্রথম ন্যাশনাল মেরিটাইম সিকিউরিটি কো-অর্ডিনেটর হিসেবে জি অশোক কুমারকে নিযুক্ত করা হল। পূর্বে তিনি নৌবাহিনীর ভাইস চিফ বা উপপ্রধানের দায়িত্ব সামলেছেন। ২০২১ সালে ক্যাবিনেট কমিটি অন সিকিউরিটির প্রস্তাবে এই পদ তৈরি করা হয়েছে।

66. (c) বিখ্যাত কানাড়া সাহিত্যিক চিনাবিরা কানাভি প্রয়াত হলেন। তিনি পনেরোটির মত বই লিখেছিলেন। 'জীবাধানি' বই-এর জন্য তিনি সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার পেয়েছিলেন। তিনি 'সামন্যবয়াদা কবি' ও 'সৌজন্যদা কবি' হিসেবে জনপ্রিয়।

67. (d) 'গোল্ডহাব'-এর বিচারে সোনা ক্রয় করায় শীর্ষস্থান অর্জন করল থাইল্যান্ডের কেন্দ্রীয় ব্যাঙ্ক সেন্ট্রাল ব্যাঙ্ক অফ থাইল্যান্ড। দ্বিতীয় স্থানে রয়েছে ভারতের রিজার্ভ ব্যাঙ্ক।

68. (d) ভারতের প্রথম ১০০% প্লাস্টিক বর্জ্য নিরপেক্ষ সংস্থা হল ডাবর ইন্ডিয়া লিমিটেড। ডাবরের তরফ থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে তারা তাদের এক বছরের মধ্যে বিক্রিত দ্রব্যের প্যাকেজ সংগ্রহ করে পুনরায় তা প্রক্রিয়াজাত করে ব্যবহার করবে। ডাবর ভারতের চতুর্থ বৃহত্তম দ্রুত চলমান ভোগ্যপণ্য সংস্থা এবং বিশ্বের বৃহত্তম আয়ুর্বেদিক ও প্রাকৃতিক স্বাস্থ্যসেবা সংস্থা। অ্যাচিভার্স

69. (c) এয়ার ইন্ডিয়ার নতুন এমডি ও সিইও হিসেবে নিযুক্ত করা হতে চলেছে তুর্কিস এয়ারলাইন্সের প্রাক্তন চেয়ারম্যান ইলকার আইচিকে। টাটা সন্সের তরফ থেকে নিয়োগ করা হল এবং ১ এপ্রিল থেকে তিনি এই পদের দায়িত্বভার গ্রহণ করবেন। তিনি জাপানের রাজবংশের তরফ থেকে অর্ডার অফ রাইজিং স্টার এবং গলার ফিতা যুক্ত গোল্ডেন রে পুরস্কার লাভ করেছেন। অ্যাচিভার্স

70. (a) ইউনাইটেড নেশনসের তরফ থেকে প্রতি বছর ১৩ ফেব্রুয়ারি ওয়ার্ল্ড রেডিও ডে পালন করা হয়ে থাকে। গণমাধ্যমের অঙ্গ হিসেবে রেডিও গুরুত্ব সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এ বছরের থিম 'Radio & Trust'।

71. (d) ফ্রাঙ্ক ওয়াল্টার স্টেনমেয়ার জার্মানির প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয় বারের জন্য পুনর্নির্বাচিত হলেন। ১৯ মার্চ ২০১৭ থেকে তিনি এই পদে রয়েছেন। বর্তমানে জার্মানির চ্যান্সেলর হলেন ওলাফ স্কোলজ।

72. (a) সিবিএসই-এর নতুন চেয়ারম্যান হিসেবে বিনীত যোশীকে নিযুক্ত করা হল। তিনি মনোজ আহুজা-এর স্থলাভিষিক্ত হলেন। বর্তমানে তিনি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অতিরিক্ত সচিব। এছাড়া তিনি ন্যাশনাল টেস্টিং এজেন্সির ডিরেক্টর জেনারেল-এর দায়িত্ব সামলেছেন।

73. (b) ভারতের প্রথম ওয়াটার ট্যাক্সি পরিষেবা মহারাষ্ট্রে চালু হল। মুম্বাই থেকে নবি মুম্বাই পর্যন্ত এই পরিষেবার সূচনা করলেন কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল। অ্যাচিভার্স

74. (a) 'Adidas'-এর তরফ থেকে মহিলা টেবিল টেনিস খেলোয়াড় মনিকা বাত্রাকে ব্রান্ড অ্যাম্বাসাডর হিসেবে নিযুক্ত করা হল।

75. (c) 'How to Prevent the Next Pandemic' নামক বইটির লেখক হলেন বিল গেটস। বিল গেটস মাইক্রোসফট কর্পোরেশনের সহপ্রতিষ্ঠাতা। ২০২২ সালের মে মাসে তাঁর রচিত এই বইটি প্রকাশিত হবে।

76. (a) ডিসেম্বর ২০২১ অনুযায়ী নীতি আয়োগের ডেল্টা র‍্যাঙ্কিং-এ সবচেয়ে উন্নত উচ্চাকাঙ্খী জেলা হল ওড়িশার মলকানগিরি। দ্বিতীয়, তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে মধ্যপ্রদেশের চটরপুর এবং জম্মু ও কাশ্মীরের বারামুল্লা।

77. (b) দিল্লির জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের প্রথম মহিলা ভাইস চ্যান্সেলর হিসেবে শান্তিশ্রী পণ্ডিতকে নিযুক্ত করা হল। তিনি পূর্ববর্তী পদাধিকারী জগদীশ কুমারের স্থলাভিষিক্ত হলেন। তিনি জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের তেরোতম ভাইস চ্যান্সেলর। তিনি পাঁচ বছরের মেয়াদে নিযুক্ত হলেন।

78. (d) NCERT-এর নতুন ডিরেক্টর হিসেবে উত্তরাখণ্ডের হেমবতী নন্দন বহুগুণা গাড়োয়াল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস অধ্যাপক দীনেশ প্রসাদ শকলানিকে নিযুক্ত করা হল। তিনি পাঁচ বছরের জন্য এই পদে নিযুক্ত হলেন। তিনি হৃষিকেশ সেনাপতির স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

79. (d) কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীর ভেড়া চাষের রূপান্তরের জন্য নিউজিল্যান্ডের সঙ্গে মউ স্বাক্ষর করল। এই মউ-এর অধীনে প্রযুক্তির আদানপ্রদানে ভেড়া চাষিরা লাভবান হবেন।

80. (a) মুন্সিধর নাথ ভাণ্ডারি মাদ্রাজ হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে নিযুক্ত হলেন। তিনি সঞ্জীব ব্যানার্জির স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

81. (d) প্রতিবছর ১১ ফেব্রুয়ারি ইউনাইটেড নেশনসের তরফ থেকে ইন্টারন্যাশনাল ডে অফ ওম্যান অ্যান্ড গার্লস ইন সায়েন্স পালন করা হয়ে থাকে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে মহিলাদের অবদানকে গুরুত্ব প্রদান করতে। এই দিবসের এ বছরের থিম 'Equity, Diversity and Inclusion : Water Unites Us'

82. (c) অস্ট্রেলিয়া ভারতের সঙ্গে মউ স্বাক্ষর করল পর্যটন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নতির জন্য।

83. (d) ক্যাবিনেটের নিয়োগ কমিটির তরফ থেকে স্টাফ সিলেকশন কমিশনের নতুন চেয়ারম্যান হিসেবে এস কিশোরকে নিযুক্ত করা হল। তিনি দীপ্তি উমাশঙ্করের স্থলাভিষিক্ত হলেন। পূর্বে তিনি কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের বিশেষ সচিব হিসেবে দায়িত্ব সামলেছেন।

84. (a) ১৫ ফেব্রুয়ারি গুরুগ্রামের প্রথম মহিলা পুলিশ কমিশনার হিসেবে কালা রামচন্দ্রকে নিযুক্ত করা হল। তিনি ১৯৯৪ ব্যাচের আই পি এস অফিসার এবং তিনি কে কে রাও-এর স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

85. (b) ভারতীয় রেল-এর তরফ থেকে দিল্লিতে স্থাপিত হতে চলেছে ভারতের বৃহত্তম রেসলিং অ্যাকাডেমি। এখানে রেসলারদের সুবিধার জন্য সমস্ত ধরনের আধুনিক সরঞ্জাম থাকবে।

86. (a) সম্প্রতি ভারতে আগত রয়্যাল নেভি অফ ওম্যানের কমান্ডারের নাম হল সইফ বিন নাসির বিন মহসিন আল রাহবি।

87. (a) RBI-এর তরফ থেকে পালিত ফিনান্সিয়াল লিটারেসি উইকের থিম হল 'Go Digital, Go Secure'। 14-18 ফেব্রুয়ারি এই সপ্তাহ পালিত হল।

88. (b) সম্প্রতি সংযুক্তিকরণ ঘটানো ভারতের দীর্ঘতম টানেল হল 'T-49' যা উধমপুর বারামুল্লা রেল লিঙ্ক প্রোজেক্টের অন্তর্গত কাটরা বালিখাল সেকশনের সাম্বের ও আরপিনচালা স্টেশনের মাঝে অবস্থিত। এর দৈর্ঘ্য ১২.৭৫৮ কিমি।

89. (c) ১৬ ফেব্রুয়ারি দিল্লি পুলিশের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সূচনা করলেন 'Smart Cards Arms License'-এর।

90. (b) উত্তর-পূর্ব ভারতের প্রথম মোটর রেসিং ট্র্যাক স্থাপিত হবে মিজোরামের লেংপুইতে। এটির নির্মাণ খরচ ১০ কোটি টাকা। অ্যাচিভার্স

91. (d) রঞ্জি ট্রফিতে প্রথম ম্যাচে ৩০০ রান করে নতুন রেকর্ড স্থাপনকারী ক্রিকেটার হলেন বিহারের সাকিবুল গণি। কলকাতায় মিজোরাম-এর বিরুদ্ধে তিনি এই কৃতিত্ব অর্জন করলেন। তার মোট রান ৩৪১।

92. (d) দাদা সাহেব ফালকে ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অ্যাওয়ার্ড-২০২২ অনুযায়ী বছরের শ্রেষ্ঠ সিনেমার পুরস্কার লাভ করল পুষ্পা : দ্য রাইজ এবং সেরা সিনেমার পুরস্কার লাভ করল শেরশাহ। শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার পেলেন রণবীর সিং ও শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার পেল কৃতি শেনন। অ্যাচিভার্স

93. (b) ব্যাঙ্ক অফ বরোদার তরফ থেকে India First Life Insurance Company তে থাকা ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ২১ শতাংশ শেয়ার অধিগ্রহণ করল।

94. (b) ১১ ফেব্রুয়ারি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজি প্রকাশ করলেন। এটি ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে তুলে ধরতে সক্ষম হয়েছে এবং ভারতকে দক্ষিণ এশিয়ার প্রধান দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করেছে। এই স্ট্র্যাটেজি চীনের দৃঢ়তা, অতিমারী, জলবায়ু পরিবর্তনের ওপর নির্ভরশীল।

95. (d) বলিউড অভিনেতা পঙ্কজ ত্রিপাঠীকে কৃষি নেটওয়ার্কের ব্র্যান্ড অ্যাম্বাসাডার হিসেবে নিযুক্ত করা হল। এটি নির্মাণ করেছে আই আই টি খড়গপুরের প্রাক্তনী আশিস মিত্র এবং সিদ্ধান্ত বোমিয়া।

96. (c) ইজরায়েলের তরফ থেকে অসামরিক এয়ারস্পেসে ড্রোন ওড়ানোর অনুমতি প্রদান করা হল। ইজরায়েলের পরিবহন ও সড়ক নিরাপত্তা মন্ত্রকের মানববিহীন এয়ারক্র্যাফট ভেহিক্যালের মাধমে অসামরিক এয়ারস্পেস অপারেট করা হবে। অ্যাচিভার্স

97. (a) আইসিআইসিআই ব্যাঙ্কের এমডি এবং সিইও সন্দীপ বক্সিকে ২০২০-২১ সালের 'Business Standard Banker of the Year' পুরস্কারে ভূষিত করা হল।

98. (d) SIDBI বা স্মল ইন্ডাস্ট্রি ডেভলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার তরফ থেকে পশ্চিমবঙ্গে দক্ষিণ ২৪ পরগনায় 'Waste to Wealth Creation' প্রোগ্রামের সূচনা করা হল। এই প্রোগ্রামের মাধ্যমে মহিলারা সুন্দরবনে মাছের আঁশ থেকে অলঙ্কার ও অন্যান্য দর্শনীয় বস্তু নির্মাণ করবেন।

99. (b) মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটসকে পাকিস্তানের দ্বিতীয় সর্বোচ্চ নাগরিক সম্মান 'Hilal-e-Pakistan' প্রদান করা হল। পাকিস্তান থেকে পোলিও দূরীকরণে তাঁর অবদানকে সম্মান জানাতে এই পুরস্কার প্রদান করা হল।

100. (a) আদিত্য বিড়লা গ্রুপ সংযুক্ত আমীরশাহীর ডিজিটাল ব্যাঙ্ক Zonal-এ বিনিয়োগ করল। অ্যাচিভার্স

★★★